

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৮, ২০০১

[ ৮ খন্দ—বেসরকারী বাতি এবং কর্পোরেশন কর্তৃক অর্দের বিনিময়ে  
জাতীয়কৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ছানীয় সরকার, পশ্চি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
ছানীয় সরকার বিভাগ  
জাতীয় ছানীয় সরকার ইনষ্টিউট

## প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জানুয়ারী, ২০০১ইং/৫ই মাঘ, ১৪০৭বাং

এস, আর, ও নং ১৬-আইন/২০০১—জাতীয় ছানীয় সরকার ইনষ্টিউট আইন, ১৯৯২  
(১৯৯২ সনের ২৭ নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় ছানীয় সরকার ইনষ্টিউট  
সরকারের পূর্বানুমোদনক্রমে এবং এতদসংক্রান্ত আইনের ক্ষমতাসম্মত বিদ্যমান সকল ইনষ্টিউটে  
বাতিলক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ৩—

## প্রথম অধ্যায়

### সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা জাতীয় ছানীয় সরকার ইনষ্টিউট  
(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

'(২) এই প্রবিধানমালা ইনষ্টিউট এর সকল সার্বক্ষণিক কর্মকর্তা ও কর্মচারীর প্রতি প্রযোজ্য  
হইবে।

(৩) প্রেষণে নিম্নোক্ত কর্মচারীগণের ক্ষেত্রে এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য হইবে না,  
যদি না তাহাদের চাকুরীর শর্তে এই প্রবিধানমালার কোন বিধানের প্রয়োগ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ  
থাকে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই প্রবিধানমালায়—

- (ক) "অসদাচরণ" অর্থ চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মকর্তা ও কর্মচারী বা ভৱিতব্যের পক্ষে শোভনীয় নয় এমন আচরণকে এবং নিম্নলিখিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—
- (১) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যাকরণ,
  - (২) কর্তব্যে গুরুতর অবহেলা,
  - (৩) কোন আইনসংগত কারণ ব্যতিরেকে ইনষ্টিউটের কোন আদেশ, পরিপত্র বা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন, এবং
  - (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মকর্তা ও কর্মচারীর বিকল্পে বিচার-বিবেচনামৈল, বিরক্তিকর, যথ্যা ও অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ ;
- (খ) "আইন" অর্থ জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিউট আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২৭ নং আইন) ;
- (গ) "ইনষ্টিউট" অর্থ আইনের ধারা ২ (ক) তে সংজ্ঞায়িত ইনষ্টিউট :
- (ঘ) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ এই প্রবিধানমালার অধীন নির্দিষ্ট কার্য নিষ্পত্তির জন্য, উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে পরিচালনা বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষ ;
- (ঙ) "কর্তৃপক্ষ" অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা উহার ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তা এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (চ) "কর্মকর্তা" অর্থ ইনষ্টিউট এর কোন কর্মকর্তা ;
- (ছ) "কর্মচারী" অর্থ ইনষ্টিউটের যে কোন কর্মচারী এবং যে কোন কর্মকর্তা ও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (জ) "ডিয়ী" বা "ডিপ্রোমা" বা "সার্টিফিকেট" অর্থ স্নেত্রমত, শীকৃত বিশ্ববিদ্যালয়, শীকৃত ইনষ্টিউট বা শীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিয়ী, ডিপ্রোমা বা সার্টিফিকেট ;
- (ঘ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার সহিত সংযোজিত তফসিল ;
- (ঙ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ পরিচালনা বোর্ড এবং কোন নির্দিষ্ট পদের নিয়োগের জন্য এতদুদ্দেশ্যে পরিচালনা বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;
- (ট) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;
- (ঠ) "পলায়ন" অর্থ বিনা অনুমতিতে চাকুরী বা কর্মসূল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদুর্ধৰ সময় কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদুর্ধৰ সময় পুনঃ অনুমতি প্রাপ্ত ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ করা এবং ত্রিশ দিন বা তদুর্ধৰ সময় বিদেশে অবস্থান কর, অথবা বিনা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদুর্ধৰ সময় বিদেশে অবস্থান ;

- (ড) "বাছাই কমিটি" অর্থ এই প্রবিধানমালার প্রবিধন ৪ এর অধীন গঠিত বাছাই কমিটি ;
- (ঢ) "বোর্ড" অর্থ ইনষ্টিউটের পরিচালনা বোর্ড ;
- (ণ) "শিক্ষানবিশ" অর্থ কোন হায়ী শূন্য পদের বিগ্রহাতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারী ; এবং
- (ত) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত ইনষ্টিউট" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোন আইন ধারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত যথাক্রমে কোন বিশ্ববিদ্যালয়, ইনষ্টিউট, বা বোর্ড এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য প্ররূপকরে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, ইনষ্টিউট বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে ।

### ঘূর্ণীয় অধ্যায় নিয়োগ

৩। নিয়োগ পদ্ধতি ।—(১) এই অধ্যায়, তফসিল এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৯(৩) অনুচ্ছেদের বিধান অনুসারে সরকার কর্তৃক নির্ধারিত কোটি সংক্রান্ত বিধানাবলী সাপেক্ষে, হায়ীভাবে শূন্য হইয়াছে এইরূপ কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা ৩—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;
- (খ) পদেন্ত্রিত মাধ্যমে ; এবং
- (গ) প্রেসলে বদলীর মাধ্যমে ।

৪। বাছাই কমিটি ।—কোন পদে সরাসরি বা পদেন্ত্রিত মাধ্যমে নিয়োগ দানের উদ্দেশ্যে ইনষ্টিউট বাছাই কমিটি গঠন করিবে এবং বাছাই কমিটির সুপারিশ ব্যক্তিকে কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ দান করা যাইবে না ।

৫। সরাসরি নিয়োগ ।—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন ; অথবা
- (খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন, বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন ।
- (২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়ঃসীমা তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ।
- (৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে ইনষ্টিউট কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পরিষদ বা চিকিৎসা কর্মকর্তা স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করেন ; এবং

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, ইনকাউণ্টের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৮) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদ কর্তৃপক্ষে দুইটি বছল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহ্বানক্রমে প্রণয় করা হইলে এবং এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে, সরকার কর্তৃক জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

৬। শিক্ষানবিশি।—(১) কোন স্থায়ী শূল পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে দুই বৎসরের জন্য ; এবং

(খ) পদেন্দ্রিতির ক্ষেত্রে পদেন্দ্রিতির তারিখ হইতে এক বৎসরের জন্য শিক্ষানবিশি হিসাবে নিয়োগ করা যাইবে।

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুলো দুই বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(খ) পদেন্দ্রিতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদেন্দ্রিতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিশি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বিভিন্ন সময়ে বোর্ড কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরিকল্পনা, যদি থাকে, পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ প্রাপ্ত করিয়া থাকেন।

৭। পদেন্দ্রিতির মাধ্যমে নিয়োগ।—(১) প্রবিধি ১২ এর বিধান সাপেক্ষে, কোন পদে পদেন্দ্রিতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে বাছাইকৃত প্রার্থীদের তালিকা বিবেচনাক্রমে নিয়োগদান করিবে।

(২) কোন ব্যক্তি চাকুরীর বৃত্তান্ত (Service Record) সন্তোষজনক না হইলে, তিনি পদেন্দ্রিতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৮। প্রেষণে নিয়োগ।—তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন উপযুক্ত কর্মচারীকে, বোর্ড এবং সরকার বা ক্ষেত্রমত, সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের পরস্পরের মধ্যে হিসাবীকৃত শর্তাবলী, নিয়োগ করিতে পারিবে।

## তৃতীয় অধ্যায়

### চাকুরীর সাধারণ শর্তাবলী

৯। যোগদানের সময়।—(১) এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে একই পদে বা কোন নতুন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিয়ন্ত্রণ সময় দেওয়া হইবে, যথা :—

(ক) প্রত্যন্তির জন্য ছয় দিন ; এবং

(খ) ভৰ্মণে প্রকৃতপক্ষে অতিবাহিত প্রয়োজনীয় সময় ;

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাঞ্চাইক ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই ধারক না কেন, যেই ক্ষেত্রে বদলীকৃত কর্মচারীকে তাহার নতুন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না, সেই ক্ষেত্রে নতুন কর্মস্থলে যোগদানের জন্য এক দিনের বেশী সময় দেওয়া যাইবে না এবং এই উপ-প্রবিধানের উদ্দেশ্য পূরণকালে সাঞ্চাইক ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এর অধীন আপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থল হইলে, অথবা চাকুরীস্থল পরিবর্তন করিতে হয় এমন কোন নতুন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার পুরাতন চাকুরীস্থল, অথবা যেই স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই দুইয়ের মধ্যে যে স্থান কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয় সেই স্থান হইতে তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্ভুক্তান্তর কর্মস্থলের হস্তান্তর করিবার পর হইতে ছুটি এহণ করা পর্যন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও মেডিকেল সার্টিফিকেট পেশ না করিবা ছুটি এহণ করিলে, ছুটির অন্তর্ভুক্ত হইবে।

১০। বেতন ও ভাতা।—সরকার বা সরকারের নির্দেশের আলোকে ইনষ্টিউট বিভিন্ন সময়ে যেইরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

১১। প্রারম্ভিক বেতন।—(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন বেতন হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) সংশ্লিষ্ট ব্যক্তির বিশেষ মেধাব স্বীকৃতিপ্রয়োগ তাহাকে, বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় কে নির্দেশাবলী জারী করে তদন্তসারে ইনষ্টিউটের কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

১২। পদোন্নতির ক্ষেত্রে বেতন।—কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্ব নিম্নতরে তাহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত ক্ষেত্রের বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য প্রাপ্য বেতনক্রমে তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের শরে তাহার বেতন নির্ধারিত হইবে।

**১৩। বেতন বর্ধন।**—(১) বেতন বৃক্ষ স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত বেতন বর্ধন মপ্পুর করা হইবে।

(২) যদি বেতন বৃক্ষ স্থগিত রাখা হয়, তাহা হইলে উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ তাহা টেলেগ করিবেন।

(৩) কোন শিক্ষানবিশ সাফল্যজনকভাবে শিক্ষানবিশিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে ছায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য ইনষ্টিউট কোন কর্মচারীকে একসংগে অনধিক দুইটি বিশেষ বেতন বর্ধন মপ্পুর করিতে পারিবে।

(৫) যেই ক্ষেত্রে কোন বেতনজমে দক্ষতা সীমা নির্ধারিত রহিয়াছে, সেই ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট সম্ভিতজমে দক্ষতা সীমা অতিক্রম করার অনুমোদন দেওয়া হইবে।

**১৪। জ্যোষ্ঠতা।**—(১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যোষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গঠন করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাদের মধ্যে তালিকা অনুসারে সংক্ষিপ্ত বাছাই করিতে যে সুপারিশ করেন, সেই সুপারিশের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত কর্মচারীদের পারম্পরিক জ্যোষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে পদেন্দ্রিতিপ্রাপ্ত ও সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদেন্দ্রিতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যোষ্ঠ হইবেন।

(৪) একাধিক ব্যক্তিকে একই সময়ে পদেন্দ্রিতি দেওয়া হইলে যে পদ হইতে পদেন্দ্রিতি দেওয়া রহিয়াছে সেই পদে তাহাদের পারম্পরিক জ্যোষ্ঠতার ভিত্তিতে তাহাদের জ্যোষ্ঠতা স্থির করা হইবে।

(৫) ইনষ্টিউট ইহার কর্মচারীদের জ্যোষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবে এবং সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) কর্মচারীদের ক্ষেত্রে The Government Servants (Seniority of Freedom Fighters Rules 1979) এর বিধানসমূহ উহাতে প্রযোজনীয় অভিযোজন বা সংশোধনসহ প্রযোজ্য হইবে।

**১৫। পদেন্দ্রিতি।**—(১) তকসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে প্রবর্তী উচ্চতর পদে পদেন্দ্রিতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জ্যোষ্ঠতার কারণে কোন বাক্তি অধিকার হিসাবে তাহার পদেন্দ্রিতি দাবী করিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীকে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রযোজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে ব্যক্তিগত ক্ষেত্র হিসাবে, পালা অতিক্রম করতঃ পদেন্দ্রিতি দেওয়া যাইতে পারে।

**১৬। প্রেষণ ও পূর্ববর্তু (লিয়েন)।**—(১) উপ-প্রবিধন (২) এর বিধান সাপেক্ষে, ইনষ্টিউট যদি মনে করে যে, উহার কোন কর্মচারীর পারদর্শিতা বা তৎকর্তৃক প্রাপ্তি বিশেষ প্রশিক্ষণ অন্য কোন সংস্থা, অতঃপর হাওলাত প্রাপ্তি কার্যকারী সংস্থা বলিয়া উল্লিখিত, এর জন্য প্রযোজনীয়, তাহা হইলে ইনষ্টিউট এবং হাওলাত প্রাপ্তি কার্যকারী সংস্থার মধ্যে পারম্পরিকভাবে সম্মত মেয়াদ ও শর্তাবলীনে হাওলাত প্রাপ্তি কার্যকারী সংস্থায় অনুরূপ বা সমমানের পদে কর্মরত ধাকিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দিতে পারে :

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীকে তাহার সম্মতি ব্যতিরেকে প্রেষণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা ইনষ্টিউটের কোন কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা জ্ঞাপন করিয়া অনুরোধ করিলে, ইনষ্টিউট উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রেষণের শর্তাবলীতে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা—

(ক) প্রেষণের সময়কাল, যাহা বাতিজন্মী ক্ষেত্র ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না;

(খ) ইনষ্টিউটের চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্ববর্তু থাকিবে এবং প্রেষণের মেয়াদাতে অথবা উক্ত মেয়াদের পূর্বে, ইহার অবসান ঘটিলে, তিনি ইনষ্টিউটের চাকুরীতে প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার সাধারণ ভবিষ্য ভবিল ও পেনশন, যদি থাকে, বাবদ প্রাপ্য অর্থ পরিশোধের নিষ্ঠাতা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি ইনষ্টিউটের পদেন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে, তাহার পদেন্নতির বিষয়টি অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদেন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে ইনষ্টিউট প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদেন্নতি কার্যকর করার উদ্দেশ্যে ইনষ্টিউট তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তাহা হইলে পদেন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা উক্ত পদে তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইলে।

(৬) যদি কেনে কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার বার্বে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদেন্নতি দেওয়া যাইতে পারে; এবং এইরূপ ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা ছাড়াই সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য Next below rule অনুযায়ী পদেন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে।

(৭) শৃঙ্খলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিষয়কে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে, কর্তৃপক্ষের ক্ষমতা প্রযোগ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, অবস্থার প্রেক্ষিতে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা ইনষ্টিউটকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিরক্তকে সূচীত শৃঙ্খলামূলক কার্যধারায় প্রাণ তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার উপর কোন নত আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ ইনষ্টিউটের নিকট প্রেরণ করিবেন এবং অতঃপর কর্তৃপক্ষ যেইরূপ প্রযোজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

**চতুর্থ অধ্যায়**  
**ছুটি, ইত্যাদি**

১৭। ছুটি।—(১) কোন কর্মচারী নিম্নলিখিত যে কোন ধরণের ছুটি পাইবেন, যথা :—

- (ক) পূর্ণ গড় বেতনে ছুটি;
- (খ) অর্ধ গড় বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অফমত্যাজনিত ছুটি;
- (ঙ) সংগরোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি;
- (জ) নৈমিত্তিক ছুটি; এবং
- (ঝ) অবসরাহণ প্রস্তুতিমূলক ছুটি।

(২) উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অফমত্যাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যাবিধ ছুটি মঙ্গুর করিতে পারে এবং ইহা সাংগ্রাহিক ছুটির দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইবে।

(৩) বোর্ডের পূর্বানুমোদন লইয়া উপর্যুক্ত কর্তৃপক্ষ বিশেষ অফমত্যাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঙ্গুর করিতে পারিবে।

১৮। পূর্ণ গড় বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ গড় বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্ত এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবের জন্য একটি পৃথক খাতে জমা দেখানো হইবে, উহা হইতে ডাক্তারী সাটিফিকেট উপস্থাপন সাপেক্ষে অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিন্তিমানের জন্য উক্ত জমাকৃত ছুটি হইতে পূর্ণ গড় বেতনে ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

১৯। অর্ধ গড় বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে অর্ধ গড় বেতন ছুটি অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) ডাক্তারী সাটিফিকেট দাখিল সাপেক্ষে, অর্ধ গড় বেতন দুই দিনের ছুটির পরিবর্তে, এক দিনের পূর্ণ গড় বেতনের ছুটির হারে এইরূপ ছুটিকে সর্বোচ্চ বার মাস পর্যন্ত পূর্ণ গড় বেতনের ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

২০। প্রাপ্যতাবিহীন ছুটি।—(১) ডাঙুরী সার্টিফিকেট ধারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমস্ত চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত এবং অন্য কোন কারণ হইলে, তিনি মাস পর্যন্ত অর্ধ গড় বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি তৈগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত নতুনভাবে উপ-প্রবিধান।(১) এর অধীনে কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

২১। বিনাবেতনে অসাধারণ ছুটি।—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনাবেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনাবেতনে অসাধারণ ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) বিনাবেতনে অসাধারণ ছুটির মেয়াদ একাধারে তিনি মাসের অধিক হইবে না, তবে নিম্নলিখিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে, যথা :—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতিপ্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি ইনসিটিউটের অধীনে চাকুরী করিবেন ; অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন ; অথবা

(গ) যে ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ এই মর্যে সম্ভব হন যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহিষ্ঠিত কারণে কর্তৃপক্ষ যোগদান করিতে অসমর্থ ।

(৩) উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকারিভাবে অসাধারণ ছুটিতে জুগাড়িরিত করিতে পারে।

২২। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাত প্রাপ্ত হইয়া দায়িত্ব পালনে অক্ষম হইলে, প্রবিধান ১৭(৩) অনুসারে উপর্যুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতার কারণ অবিলম্বে ইনসিটিউটকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রযোজনীয় বলিয়া এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক নিয়ন্ত্রিত চিকিৎসা পরিষদ বা চিকিৎসক প্রত্যয়ন করিবে সেই মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে ; চিকিৎসা পরিষদ/চিকিৎসকের প্রত্যয়ন ব্যক্তিগতে এইরূপ ছুটি বর্ধিত করা হইবে না এবং উক্ত কোনক্ষেত্রে ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সঙ্গে সংযুক্ত করা যাইবে।

(৫) যদি একই ধরণের অবস্থায় পরবর্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবার মঙ্গুরীকৃত ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঙ্গুর করা যাইবে।

(৬) উন্মাত্র আন্তর্ভুক্তিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হয় সেক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা তাহার ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিক্ষণীন বেতন নিম্নরূপ হইবে, যথা :—

(ক) উপ-প্রবিধান (৫) এর অধীনে মঞ্জুরীকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চারি মাসের জন্য পূর্ণ বেতন ; এবং

(খ) এইরূপ ছুটি অবশিষ্ট মেয়াদের জন্য উর্ধ্ব বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানসভার প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিক্ষিত থাকিবার কারণে, দৃঢ়ত্বাবশাস্ত আঘাতপ্রাণ হইয়াছেন অথবা যিনি নিমিট্ট কোন কর্তব্য পালনকালে, তাহার পদের স্বাভাবিক রূপে বহিভৃত অসুস্থিতা বা জখম বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে, এইরূপ অসুস্থিতা বা জখমের দরকার অক্ষম হইয়াছেন।

২৩। সংগ্রোধ ছুটি।—(১) কোন কর্মচারীর পরিধায়ে বা গ্রাহে সংত্রাসক ব্যাধি থাকার কারণে যদি উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইবে সংগ্রোধ ছুটি।

(২) কর্তৃপক্ষ, কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তা সার্টিফিকেটের ভিত্তিতে, অনুর্ক্ষ ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থায় ৩০ দিনের জন্য সংগ্রোধ ছুটি মঞ্জুর করিতে পারিবে।

(৩) সংগ্রোধের জন্য উপ-প্রবিধান (২) এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রযোজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রবিধানমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অনুযায়ী প্রাপ্ত সর্বাধিক ছুটি সাপেক্ষে, প্রযোজন হইলে অন্যবিধ ছুটির সহিত সংগ্রোধ ছুটি ও মঞ্জুর করা যাইতে পারে।

(৫) সংগ্রোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দ্বায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ ছুটি দেওয়া যাইবে না।

২৪। প্রসূতি ছুটি।—(১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাঞ্চাম ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঞ্জুরীর অন্তর্বাদ কোন নির্বাচিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা অনুসারে কর্মচারীর প্রাপ্ত অন্য যে কোন প্রকারের ছুটির সহিত একত্রে বা উহা বর্ধিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) ইনষ্টিউটের কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহাকে দুই বারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৫। অবসরগ্রহণ প্রস্তুতিমূলক ছুটি।—(১) কোন কর্মচারী অবসরগ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি হিসাবে এক বৎসর ছুটি ভোগ করিতে পারিবেন।

(২) কোন কর্মচারী উপ-প্রবিধান (১) এর অধীনে ছুটি ভোগ করা কালে তাহার সর্বশেষ বেতনের হিসাবে হয় মাস পর্যন্ত পূর্ণ বেতন এবং বাকী হয় মাস অর্থেক বেতন পাইবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে তবসরহণ প্রত্তিমূলক ছুটি মঞ্জুরীর পর কোন কর্মচারীর অঙ্গত ছুটি প্রবিধান ১৮ ও ১৯ অনুসারে প্রাপ্য ধাকিলে তিনি উক্ত ছুটির অনধিক বার মাস পর্যন্ত নগদায়ন গ্রহণ করিতে পারিবেন।

(৪) কোন কর্মচারী তাহার অবসরগ্রহণের তারিখের কমপক্ষে একমাস পূর্বে অবসরগ্রহণ প্রত্তিমূলক ছুটির জন্য আবেদন করিবেন।

(৫) কোন কর্মচারী তাহার অবসরগ্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসরগ্রহণ প্রত্তিমূলক ছুটিতে যাইবেন।

২৬। অধ্যয়ন ছুটি।—(১) ইনষ্টিউটের চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বিষয়াদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন কর্মচারীকে প্রবিধানের ১৭(৩) বিধান অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষ অর্থ বেতনে অনধিক বার মাস অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) যেই ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যয়ন বা প্রশিক্ষণ বা পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেই ক্ষেত্রে সময়ের ব্যাপ্তি পূরণকল্পে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারিবে।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একক্ষে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে কোনভাবেই এইরূপ মঞ্জুরীকৃত ছুটি একক্ষে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৭। নৈমিত্তিক ছুটি।—(১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট ষতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবে, ইনষ্টিউটের কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

(২) কোন কর্মচারীকে একসংগে দশ দিনের বেশী নৈমিত্তিক ছুটি দেওয়া যাইবে না।

(৩) নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবার জন্য কোন অনুষ্ঠানিক আদেশ বা বিজ্ঞাপি জারী করিবার অথবা এই ছুটি চাকুরীর ব্যাপ্তি বহিতে লিপিবক্ত করিবার কোন প্রয়োজন হইবে না।

(৪) নৈমিত্তিক ছুটি প্রতিটি পঞ্জিকা বৎসরের মধ্যেই গ্রহণ হইবে। কোন পঞ্জিকা বৎসরের নির্ধারিত নৈমিত্তিক ছুটি এই বৎসরের ৩১শে ডিসেম্বর তারিখে তামদ্দি হইয়া যাইবে।

(৫) নৈমিত্তিক ছুটি সাংগ্রাহিক বা সাধারণ ছুটির দিনসহ ধারাবাহিকতা রক্ষা করিয়া গ্রহণ করা যাইতে পারে, তবে নৈমিত্তিক ছুটির মধ্যবর্তী সময় সাংগ্রাহিক ছুটির দিন বা সাধারণ ছুটির দিন হইলে, সময় সময়টি (সাংগ্রাহিক বা সাধারণ ছুটিসহ) নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে, যদি উহার পরিমাণ সর্বাধিক প্রাপ্য নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী না হয়, এবং বেশী হইলে উক্ত সম্পূর্ণ সময়কাল প্রাপ্যতা সাপেক্ষে, পূর্ণ বা অর্ধ বেতনে অঙ্গত ছুটিতে পরিণত হইবে, এইরূপ ছুটি পাওনা না ধাকিলে উহা বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৬) নৈমিত্তিক ছুটি অন্য কোন ছুটির সহিত যুক্ত করা যাইবে না। নৈমিত্তিক ছুটির মেয়াদ বর্ধিত করা হইলে যদি সময় সময়টি (প্রথমে মঙ্গলবীকৃত নৈমিত্তিক ছুটির সময়সহ) পাওনা এবং একবারে অহলীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হয়, তাহা হইলে উপ-প্রবিধান (৫) অনুসারে অর্জিত ছুটিতে পরিণত হইলে এবং অন্য কোন পকার ছুটি পাওনা না থাকিলে, বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৭) যোগদানের দিনের সংগে যুক্ত করিয়া নৈমিত্তিক ছুটি গ্রহণ করা যাইবে না।

(৮) এক দফায় গৃহীত নৈমিত্তিক ছুটি এক পঞ্জিকা বৎসর হইতে পরবর্তী পঞ্জিকা বৎসরে সম্প্রসারিত হইতে পারিবে :

তবে শর্ত থাকে যে, উক্ত ছুটির সর্বোচ্চ পরিমাণ একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হইবে না, এবং ঐ ছুটির যে কয়দিন ডিসেম্বর মাসে পড়িবে সেই কয়দিনের নৈমিত্তিক ছুটির সংশ্লিষ্ট বৎসরে পাওনা থাকিতে হইবে এবং উক্ত ছুটির বাকী অংশ পরবর্তী বৎসরের নৈমিত্তিক ছুটি হিসাবে ব্যাখ্যিত গণ্য হইবে।

২৮। ছুটির গঠনতি ।—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব ইনষ্টিউট কর্তৃক নির্ধারিত নিয়ম, ফরমঃ ছক ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন ইনষ্টিউট কর্তৃক নির্ধারিত ফরমে অন্যথায় সাদা কাগজে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মকর্ত্তর অধীনে কর্মরত আছেন তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঙ্গল করিতে পারে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্ত্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রাখিয়াছে, তবে প্রবিধান ২৭ এর বিধান এবং আনুষ্ঠানিক মঙ্গলী আদেশ সাপেক্ষে, উক্ত কর্মচারীকে একাধাৰে অনূর্ধ্ব ১৫ (পনের) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

(৫) স্বাস্থ্যগত কারণে কোন কর্মচারীকে ছুটি মঙ্গল করিবার অথবা মঙ্গলবীকৃত ছুটির মেয়াদ বাড়াইবার পূর্বে উপযুক্ত কর্তৃপক্ষ ইচ্ছা করিলে ইনষ্টিউট কর্তৃক নির্দেশিত কোন চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যয়নপ্রত্য সংহাই করিবার নির্দেশ দিতে পারে।

(৬) কোন কর্মচারীর অসুস্থতার ব্যাপারে ইনষ্টিউট কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের মতামত চাওয়া হইলে মেডিক্যাল সার্টিফিকেট এবং তিনিতে ছুটির আবেদন বা ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন মঙ্গল করা যাইতে পারে।

(৭) ইনষ্টিউট কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের নিকট হইতে গৃহীত মেডিক্যাল সার্টিফিকেট পেশ করা মাত্রাই ছুটি প্রাপ্তির অধিকার অর্জিত হইবে না। ছুটি মঙ্গলকারী কর্তৃপক্ষের নিকট মেডিক্যাল সার্টিফিকেট পেশ করিয়া উক্ত কর্তৃপক্ষের নির্দেশের অপেক্ষায় থাকিতে হইবে।

(৮) বাংলাদেশের বাহির ছুটিতে অবস্থানকারী কোন কর্মচারীর চিকিৎসার থাকার কারণে ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদনের সংগে সংশ্লিষ্ট চিকিৎসকের প্রত্যয়নপ্রত্য যুক্ত করিতে হইবে ; প্রত্যয়নপ্রত্য অসুস্থতার প্রকৃতি এবং অসুস্থ কর্মচারীর শারীরিক অবস্থার ব্যাপারে বিস্তারিত বিবরণ থাকিতে হইবে।

২৯। ছুটিকালীন বেতন।—(১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষে যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ-বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষে যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(৩) ছুটি যে দেশেই কাটানো হউক, ছুটির বেতন বাংলাদেশী টাকায় বাংলাদেশে প্রাপ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, ব্যতিক্রমী ক্ষেত্রে বাংলাদেশের বাহিরে ছুটি কাটিবার বেলায় কোন কর্মচারীকে কর্তৃপক্ষের সুপারিশক্রমে, সরকার কর্তৃক আরোগিত শর্তানুযায়ী যদি থাকে, ছুটির বেতন বা উহার অংশ বিশেষ বৈদেশিক মুদ্রায় প্রদান করিবার সিদ্ধান্ত উপযুক্ত কর্তৃপক্ষ গ্রহণ করিতে পারে।

৩০। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।—ছুটি ভোগ্যত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দয়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুমতিবাবে তলব করা হইলে, তিনি যে কর্মসূলি ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার তরিখ হইতে তাহাকে কর্মসূল বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য তিনি ভ্রমণ ভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩১। ছুটির নগদায়ন।—(১) সকল কর্মচারী ইনষ্টিউটে তাহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত ছুটির (নেমিস্টিক ছুটি ব্যৌটোত) ৫০% নগদ টাকায় ক্রপাত্তিরিত করার জন্য অনুমতি পাইতে পারেন, তবে এইরূপ ক্রপাত্তিরিত টাকার মোট পরিমাণ তাহার বার মাসের বেতন অপেক্ষা বেশী হইবে না।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ছুটি নগদ টাকায় ক্রপাত্তিরিত করা যাইবে।

(৩) কোন কর্মচারী চাকুরীর অবস্থায় মৃত্যুবরণ করিলে মৃত্যুবরণের তারিখে, তাহার অবসরগ্রহণ গণ্য করিয়া, তাহার ছুটি পাওনা সাপেক্ষে ছুটির বদলে তাহার প্রাপ্য নগদ অর্ধ তাহার পরিবারকে প্রদান করা হইবে।

ব্যাখ্যাঃ পরিবার বলিতে পারিবারিক অবসরভাতা প্রদানের নিমিত্তে প্রযোজ্য বিধিতে পরিবারকে যে অর্থে দেখানো হইয়াছে তাহা বুঝাইবে।

### পঞ্চম অধ্যায়

#### ভ্রমণ ভাতা, ইত্যাদি

৩২। ভ্রমণ ভাতা, ইত্যাদি।—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দয়িত্ব পালনার্থ ভ্রমণকালে, বা বদলী উপলক্ষে ভ্রমণকালে, সরকারের নির্দেশাবালীর আলোকে, ইনষ্টিউট কর্তৃক উহার কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হারে ও শর্তাবলী অনুযায়ী, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩৩। সম্মানী ভাতা।—(১) ইনষ্টিউট উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির এবং শ্রমসাধ্য কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য সম্মানী হিসাবে নগদ অর্ধ বা অন্য কোন পুরক্ষার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরক্ষার প্রদান করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ বা পুরস্কার মঞ্চের করা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপরিশ না করা হয়।

৩৪। দায়িত্ব ভাতা।—কোন কর্মচারী উপর্যুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর/সহশাসনের ক্ষেত্র পদের দায়িত্ব পালন করিলে তাহাকে প্রচলিত সরকারী বিধি অনুযায়ী দায়িত্ব ভাতা ওদান করা হইবে।

৩৫। উৎসব ভাতা ও বোনাস।—সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক ইনষ্টিটিউটের কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস ওদান করা যাইতে পারে।

### ষষ্ঠ অধ্যায়

#### চাকুরীর বৃত্তান্ত

৩৬। চাকুরীর বৃত্তান্ত।—(১) পথক পথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর বৃত্তান্ত সংরক্ষণ করা হইবে এবং ইনষ্টিটিউট কর্তৃক প্রণীত ছক অনুযায়ী নির্দিষ্ট চাকুরী বহিতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃত্বাঙ্গ কর্মকর্তার উপর্যুক্তিতে প্রতি বৎসর একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি দেখিবার সময় উহাতে কোন বিষয় ত্রুটিপূর্ণভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য ১৫ (পনের) দিনের মধ্যে বিষয়টি লিপিতভাবে এতদুদ্দেশ্যে কর্তৃত্বাঙ্গ কর্মকর্তার দায়িত্বে করিবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করিয়া বিষয়টি উক্ত কর্মচারীকে লিপিতভাবে অবহিত করিবেন।

৩৭। বার্ষিক প্রতিবেদন।—(১) ইনষ্টিটিউট উহার সকল শ্রেণীর কর্মচারী কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচারণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়নের পক্ষতি প্রস্তুত করিবে এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে। বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে ইনষ্টিটিউট উহার কোন কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন, প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

(২) সংশ্লিষ্ট বৎসরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রবর্তী পঞ্জিকা বর্ষের শেষ মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা লিখন সম্পন্ন করিবেন, যদি উক্ত কর্মকর্তা যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে তাহা না করেন, তবে উক্ত ব্যর্থতা অসদাচারণ বলিয়া গণ্য হইবে।

(৩) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিকল্প মন্তব্য থাকিলে, উহার কৈবিত্যত প্রাদান কিংবা তাহার নিজকে সংশোধনের সুযোগ দেওয়ার জন্য তাহাকে তৎসম্পর্কে অবহিত করিতে হইবে।

৩৮। বিশ্বাস্তা ও গোপনীয়তার ঘোষণাপত্র।—(১) ইনষ্টিটিউটের চাকুরীতে ঘোষণান্তরে সংগে সংগেই প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী ইনষ্টিটিউট বা সরকার কর্তৃক প্রণীত ছকে বিশ্বাস্তা ও গোপনীয়তার একটি ঘোষণাপত্রের দ্রুইটি অনুলিপি অবশ্যই দাখিল করিবেন।

(২) এই ঘোষণাপত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী বৃত্তান্ত বহিতে এবং অপর একটি অনুলিপি ইনষ্টিটিউট কর্তৃক নির্ধারিত পক্ষতি রক্ষিত থাকিবে।

**সপ্তম অধ্যায়**  
**সাধারণ আচরণ ও শৃঙ্খলা**

৩১। আচরণ ও শৃঙ্খলা। (১) প্রত্যেক কর্মচারী

- (ক) এই প্রবিধানমালা অনুযায়ী কাজ করিবেন এবং ইহা মানিয়া চলিবেন,
  - (খ) যে ব্যক্তি বা বাস্তিব্যের এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আগততৎকর্মে নিয়োজিত রহিয়াছেন, তাহার বা তাহাদের দাঙা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চলিবেন; এবং
  - (গ) বিশ্বস্ততা, সততা ও অধ্যাবসায়ের সহিত ইনষ্টিউটের এর চাকুরী করিবেন।
- (২) কোন কর্মচারী—
- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং ইনষ্টিউট বা রাষ্ট্রের স্বার্থের পরিপন্থী কোন কর্মকলাপে নিজেকে জড়িত করিবেন না;
  - (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার পূর্বানুমতি ব্যক্তিগতে দায়িত্বে অনুপস্থিত পাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না;
  - (গ) ইনষ্টিউট এর সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভবনা রহিয়াছে এমন বাস্তিদের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না মাত্র তাহার দায়িত্ব পালনের ক্ষেত্রে তাহাকে প্রভাবিত করিতে পারে;
  - (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
  - (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুকূল বোন ব্যবসায় পরিচালনা করিবেন না;
  - (চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যক্তিগতে রাহিয়ের কোন অবেতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং
  - (ছ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যক্তিত অন্য কোন খতকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।
- (৩) কোন কর্মচারী ইনষ্টিউট এর নিকট বা উহার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না, কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।
- (৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দৈবীর সমর্থনে ইনষ্টিউট বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাস্তিব্যের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।
- (৫) কোন কর্মচারী তাহার চাকুরীর কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন সরকারী/বেসরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না।

(৬) কোন কর্মচারী ইনষ্টিউট এর বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত সরাসরি কোন যোগাযোগ স্থাপন করিবেন না, এই রূপ যোগাযোগের প্রার্যজন হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হইবে।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঝণঝন্তা পরিহার করিবেন।

#### ৪০। দড়ের ভিত্তি—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন ; অথবা
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন ; অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন ; অথবা
- (ঘ) অদক্ষ হন অথবা দক্ষতা হারাইয়া ফেলেন ; অথবা
- (ঙ) নিম্নলিখিত কারণে দূনীতিপরায়ন হন বা যুক্তিসংগতভাবে দূনীতিপরায়ন বলিয়া বিবেচিত হন, যথা ৩—

  - (অ) তিনি বা তাহার কোন পোধা বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন বাক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ এইরূপ অর্ধসম্পদ বা সম্পত্তি দখলে রাখেন, যাহা অর্জনের যৌভিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন ; অথবা
  - (আ) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবনাব্যাপন করেন ; অথবা
  - (ট) ছুরি, আত্মসাং, তহবিল তসরুক বা প্রতারণার দায়ে দোষী হন ; অথবা
  - (ছ) ইনষ্টিউট বা রাষ্ট্রের বিরুদ্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্যে লিঙ্গ হন বা অনুকূপ কার্যে লিঙ্গ রাখিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, উক্ত অন্যান্য ব্যক্তি বা ব্যক্তিগণ রাষ্ট্র বা ইনষ্টিউটের বিরুদ্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্যে লিঙ্গ রাখিয়াছেন এবং যে কারণে তাহাকে চাকুরীতে রাখা ইনষ্টিউট বা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারে।

#### ৪১। দণ্ডসমূহ—(১) এই প্রিবিধানের অধীনে নিম্নাঞ্জ দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথা :

##### (ক) লঘুদণ্ড—

- (অ) তিরক্ষার ;
- (আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদেন্দ্রিয়তা বা বেতন বর্ধন স্থগিত রাখা ;
- (ই) ৭ (সাত) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন।

## (খ) গুরুদণ্ড—

- (অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রম বা বেতনক্রমের নিম্নতরে অবনতকরণ ;
- (আ) কর্মচারী কর্তৃক সংঘটিত শৃঙ্খলাজনিত অপরাধের কারণে ইনষ্টিউট এর আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পোশনা হইতে আদায়করণ ;
- (ই) বাধতামূলক অবসর প্রদান ;
- (ঈ) চাকুরী হইতে অপসারণ ; এবং
- (উ) চাকুরী হইতে বরখাস্ত ।

(২) চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে, কোন কর্মচারী ভবিষ্যতে ইনষ্টিউট এর চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিপন্ন হইবেন।

৪২। নাশক তয়লক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পক্ষতি—(১) প্রবিধান ৪০ (ছ) তে উল্লিখিত কার্যকলাপের অন্য কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

- (ক) 'সংশ্লিষ্ট' কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারে;
- (খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা প্রয়োগের প্রস্তাব করেন, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা প্রয়োগের ভিত্তিমূল সম্পর্কে তাহাকে লিখিত আদেশ দ্বারা অবহিত করিবে; এবং
- (গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবে :

তথ্য শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সম্মত হল যে ইনষ্টিউট বা বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সেই ক্ষেত্রে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে না।

(২) যেই ক্ষেত্রে উপ-প্রবিধান ১(গ) অনুসারে তদন্ত কমিটি হয় সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, অভিযুক্ত কর্মচারীর পদ-মর্যাদার নিম্নে নহেন এমন তিনজন কর্মচারীর সম্মত সুযোগ প্রদান গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবেন এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেইরূপ উপযুক্ত বলিয়া মনে করিবেন সেইরূপ নির্দেশ প্রদান করিবে।

৪৩। শব্দ দড়ের ক্ষেত্রে তদন্তের পক্ষতি—(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রয়োগিত হইলে, তাহাকে ত্রিকার অপেক্ষা গুরুতর কোন দণ্ড প্রদান করা হইতে পারে, তাহা হইলে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিবাহে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে, এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক এইরূপ অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়াত দেয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবেন; এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়াত, যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং অভিযুক্ত ব্যক্তি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়াত পেশ না করিয়া থাকেন, তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানী দেওয়ার পর তাহার পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে গারিবে এবং তদন্তকারী কর্মকর্তা এতদুদ্দেশ্যে নির্ধারিত সময় সীমান মধ্যে তদন্তের প্রতিবেদন দাখিল করিবেন।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে অথবা প্রয়োজন মনে করিলে অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারিবে।

(৩) অধিকতর তদন্তের আদেশ দেওয়া হইলে উহার প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) যেইক্ষেত্রে প্রবিধান ৪০ এর দফা (ক) বা (খ) এর অধীনে উল্লেখিত কোন কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বি঱ক্ষে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ যদি এই অভিযোগ পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্ত ব্যক্তিকে তিনিকারের দণ্ড প্রদান করা হইবে, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগদান করাতঃ উক্ত দণ্ড আরোপ করিতে পারে; অথবা
- (খ) অভিযুক্ত ব্যক্তি ব্যক্তিগতভাবে উপস্থিত না হইলে বা উপস্থিত হইতে অস্থীকার করিলে—  
• কর্তৃপক্ষ—
- (অ) শুনানীর বাতিলেরকেই অভিযুক্ত ব্যক্তির উপর উক্ত দণ্ড আরোপ করিতে পারিবে;  
অথবা
- (আ) উপ-প্রবিধান (১) ও (২) এ বর্ণিত পক্ষতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্ত ব্যক্তিকে প্রবিধান ৪১ (১) (ক) তে বর্ণিত যে কোন লঘুদণ্ড আরোপ করিবে;

(গ) অভিযুক্ত ব্যক্তি তাহাকে লিখিতভাবে অভিযোগ জানাইবার দাবী করিলে, কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এ বর্ণিত পক্ষতি অনুসরণ করিবে, এবং অভিযোগ প্রমাণিত হইলে, প্রবিধান ৪১ (১) (ক) তে বর্ণিত যে কোন লঘুদণ্ড প্রদান করিবে।

৪৪। গুরুতর দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি—(১) যেইক্ষেত্রে কোন কর্মচারীর বি঱ক্ষে এই প্রবিধানমালার অধীন কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিযোগ পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে গুরুদণ্ড আরোপ করা প্রয়োজন হইতে পারে, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ—

- (ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং অন্তবিঠ দণ্ডের বিষয় উহাতে উল্লেখ করিবে এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রলাপ হইয়াছে উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময়ে অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে তাহাও কর্মচারীকে অবহিত করিবে;

- (খ) অভিযুক্ত ব্যক্তি অভিযোগনামা প্রাপ্তির পর দশটি কার্যদিবসের মধ্যে আস্থাপক্ষ সমর্থন করিয়া লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত ডড কেন তাহার উপর আরোপ কর যাইবে না তৎসম্পর্কে উক্ত বিবৃতিতে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে তনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহাও উল্লেখ করিবেন :

তবে শর্ত থাকে যে, নির্ধারিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পেশ করার জন্য অতিরিক্ত দশটি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারিবে।

(২) যেইক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আস্থাপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করিবেন, সেই ক্ষেত্রে, কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত অন্যান্য বিষয়াদির সাক্ষাৎ প্রমাণসহ তাহার উক্ত বিবৃতি বিবেচনা করিবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিযুক্ত পোষণ করে যে,—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিকল্পে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদনুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;

- (খ) অভিযুক্ত ব্যক্তির বিকল্পে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে, এবং অভিযোগ প্রমাণিত হইলে লঘুদণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে তনানীর সুযোগপ্রদান করিয়া যে কোন একটি লঘুদণ্ড প্রদান করিতে পারিবে অথবা লঘুদণ্ড আরোপের উদ্দেশ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া প্রিধান ৪৫ এ বর্ণিত কার্যপ্রণালী অনুসরণক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে; এবং

- (গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর গুরুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে অথবা অনুরূপ তিনজন কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) যেইক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আস্থাপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন সেইক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্তের চাহিতে পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে বা ক্ষেত্র বিশেষে তদন্ত কমিটি গঠন করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্র বিশেষ, তদন্ত কমিটি তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রতিবিধান ৪৫ এ বর্ণিত পদ্ধতি অনুসরণক্রমে তদন্ত পরিচালনা করিবেন; তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবে এবং উক্ত প্রতিবেদনের ভিত্তিতে উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্তটি জানাইবে।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) মোতবেক উকুদত্ত আরোপের সিদ্ধান্ত ঘৃহণ করে, তাহা হইলে প্রস্তাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে ন তৎসম্পর্কে সাতচি কার্যদিবসের মধ্যে তাহকে কারণ দর্শাইবার নির্দেশ দিবে।

(৭) উপ-প্রবিধান (৬) অনুসারে কারণ দর্শালো হইলে উক্ত কারণ এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনাত্ত্বে কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত ঘৃহণ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবে।

(৮) এই প্রবিধানের অধীনে তদন্ত কার্যধারায় পর্যাণ সাক্ষ্য-প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে, এবং যেই ক্ষেত্রে কোন তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটি নিয়োগ করা হয়, সেইক্ষেত্রে উক্ত কর্মকর্তা বা কমিটির তদন্তের প্রতিবেদনে তদন্তের ফলাফলের সমর্থনে যুক্তিসংগত কারণ লিপিবদ্ধ থাকিতে হইবে।

(৯) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৪৫। তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্যপ্রণালী।—(১) তদন্ত কর্মকর্তা মামলার উকুব দিন হইতে শেষ না হওয়া পর্যন্ত প্রতিদিন তুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত তুনানী মূলতবী করিবেন না।

(২) তদন্ত কর্মকর্তা কর্তৃক পরিচালিত তদন্ত—

- (ক) অভিযুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ অঙ্গীকার করেন সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষাৎকার ও লিপিবদ্ধকরা হইবে এবং অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক বা উকুকৃপূর্ণ নালিকাক সাক্ষ্য উপস্থাপনের যুক্তিসংগত স্বযোগ উভয় পক্ষকে প্রদান ও বিবেচনা করিতে হইবে;
- (খ) অভিযুক্ত ব্যক্তি প্রতিপক্ষের স্বাক্ষীগণকে জেরা করার, তিনি ব্যক্তিগতভাবে সাক্ষ্য প্রদান করার এবং তাহার গুরুত্বপূর্ণ সমর্থনকারী কোন ব্যক্তিকে স্বাক্ষী হিসাবে উপস্থাপন করার অধিকারী হইবেন;
- (গ) অভিযোগের সমর্থনে মামলা উপস্থাপনকারী ব্যক্তি অভিযুক্ত ব্যক্তিকে এবং তাহার স্বাক্ষীগণকে জেরা করার অধিকারী হইবেন;
- (ঘ) অভিযুক্ত ব্যক্তি প্রাসংগিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে নথির টোকার অংশ কোন প্রকারেই দেখিতে দেওয়া হইবে না।

(৩) তদন্তকারী কর্মকর্তা কারণ লিপিবদ্ধ করিয়া কোন নির্দিষ্ট স্বাক্ষীকে বা কোন নির্দিষ্ট সাক্ষ্য তলব করিতে বা ধরণ করিতে অঙ্গীকার করিতে পারিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তার নিকট অভিযোগের সমর্থনে বিষয়টি উপস্থাপনের জন্য কর্তৃপক্ষ যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারিবে।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সম্ভব হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান বা বাধা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন এবং উকুকুপ সতর্ক করিবার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাজ করিতেছেন, তাহা হইলে তিনি উক্ত বিষয়ে একটি সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায়বিচারের জন্য তিনি যে পক্ষতি সর্বোত্তম বলিয়া মনে করিবেন সেই পক্ষতিতে উক্ত তদন্ত সমাপ্ত করিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সম্ভূষ্ট হন যে; অভিযুক্ত ব্যক্তির আচরণ তদন্তের ব্যাপারে তদন্তকারী কর্মকর্তার অফিস বা তাহার দায়িত্বের জন্য অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসঙ্গিক ঘটনাবলী ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন, অতঃপর কর্তৃপক্ষ উপর্যুক্ত বিবেচনা করিলে প্রবিধান ৪০ (খ) মোতাবেক অভিযুক্ত ব্যক্তির বিবরক্ষে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারিবে।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর ১০ (দশটি) কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

(৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কিনা তাঙ্গ উল্লেক্ষ্যক তদন্তকারী কর্মকর্তা প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত প্রদান করিবেন, তবে শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবেন না।

(৯) কর্তৃপক্ষ এই অধ্যায়ের অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করার পরিবর্তে একটি তদন্ত কমিটি নিয়োগ করিলে, তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে এই প্রবিধানমালা যতটুকু প্রযোজ্য তদন্ত কমিটির ক্ষেত্রেও ততটুকু প্রযোজ্য বলিয়া গণ্য হইবে।

(১০) উপ-প্রবিধান (৯) এ উল্লিখিত তদন্ত কমিটির কোন বৈঠকে কোন একজন সদস্যের অনুপস্থিতিন কারণে উক্ত কমিটির কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রয়োজন প্রয়োজন করা যাইবে না।

৪৬। সাময়িক বরখাস্ত।—(১) প্রবিধান ৩৮ এর অধীনে কোন অভিযোগের দায়ে কোন কর্মচারীর বিবরক্ষে গুরুদণ্ড প্রদানের সম্ভবনা থাকিলে এবং প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে কর্তৃপক্ষ তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তাৰিখ হইতে তাহার ছুটি প্রাপ্যতা সাপেক্ষে তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারিবে।

(২) যেইক্ষেত্রে কোন কর্মচারীকে ঢাকুয়া হইতে বরখাস্ত বা অপসারণের দণ্ড কোন আদালত বা ট্রাইবুন্যালের সিদ্ধান্তের দ্বারা অথবা উক্ত সিদ্ধান্তের ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত বা প্রতিপন্ন হয় এবং কর্তৃপক্ষ উক্ত মামলার পরিস্থিতি বিবেচনাক্রমে এই সিদ্ধান্ত এহেণ করে সে, উক্ত কর্মচারীকে যে অভিযোগের ভিত্তিতে বরখাস্ত বা অপসারণের দণ্ড আরোপ করা হইয়াছিল সেই অভিযোগের ভিত্তিতে তাহার বিবরক্ষে অধিকতর তদন্ত করা হইবে, সেইক্ষেত্রে উক্ত বরখাস্তকরণ বা অপসারণ সম্পর্কিত মূল আদেশের তাৰিখ হইতে উক্ত কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য হইবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৩) কোন কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি ও আদেশ অনুযায়ী খোরাকী ভাতা পাইবেন।

(৪) শুণ বা ফৌজদারী অপরাধের দায়ে কারাগারে সোপর্স (কারাগারে সোপর্স অর্থে আদালতের হেফাজতে রাখিত ব্যক্তিগণও অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবেন) কর্মচারীকে ঘোষতারের তাৰিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং তাহার বিবরক্ষে এই প্রবিধানমালার অধীন সূচিত কার্যধারা পরিসমাপ্ত না হওয়া পর্যন্ত তিনি যথাবৃত্তি খোরাকী ভাতা পাইবেন।

৪৭। পুনর্বহাল।—(১) যদি, প্রবিধান ৪৬ (১) মেতাবেক সাময়িকভাবে বরখাস্তকৃত বা ক্ষেত্র বিশেষ ছুটিতে প্রেরিত কোন কর্মচারীকে চাকুরী হইতে অপসারণ বা পদাবনত করা না হইয়া থাকে, তবে তাহাকে চাকুরীতে পুনর্বহাল করা হইবে অথবা ক্ষেত্র বিশেষে তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সম্পদমর্যাদার কোন পদে বহাল করা হইবে এবং ঐ ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সাপেক্ষে সাময়িকভাবে বরখাস্তের পর পুনর্বহালের বিষয় সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা (Bangladesh Service Rules) এর বিধান অনুসারে যথাসম্ভব নিয়ন্ত্রিত হইবে।

৪৮। ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মচারী।—ঝণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মচারী কারাগারে সোপর্দ হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে তাহার বিরুদ্ধে আনিত উক্ত মামলার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিতি কালের জন্য তিনি কোন বেতন, ছুটিকালীন বেতন বা কোন ভাতা (যোরাকী ভাতা ব্যতীত) পাইবেন না। তাহার বেতন ও ভাতাদি, উক্ত ঝণ বা ফৌজদারী অপরাধ সংক্রান্ত মামলা নিষ্পত্তির পর, সমন্বয় সাধন করা হইবে। তিনি অপরাধ হইতে খালাস পাইলে অথবা খনের দায়ে কারাবরণের ক্ষেত্রে উক্ত দায় তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে উক্ত দায় হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, সাধারণত তাহার আপ্য বেতন ভাতাদির টাকা সম্পর্কক্ষে প্রদান করা হইবে। এইরূপে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে, উক্ত অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক লিপিবদ্ধ কোন কারণে উক্ত প্রাপ্য বেতন-ভাতাদি বাবদ সম্পূর্ণ টাকা আপক্ষা কর টাকা প্রদান করা হইলেও উক্ত সময় কর্তব্যকাল বা ছুটি বলিয়া গণ্য হইবে, কিন্তু আদেশদানকারী কর্তৃপক্ষ তদন্ত্যারী নির্দেশ প্রদান না করিলে এইরূপ গণ্য করা হইবে না।

৪৯। অন্য কোন সংস্থার প্রেষণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে তদন্তের পদ্ধতি—  
(১) ইনষ্টিউটের কোন কর্মচারী প্রেষণে অন্য কোন সংস্থায়, অতঃপর উক্ত সংস্থা বলিয়া অভিহিত, কর্মরত থাকিলে তাহার বিরুদ্ধে অভিযোগ দায়ের, তাহাকে সাময়িক বরখাস্ত এবং অভিযোগের ব্যাপারে তদন্ত করিবার ক্ষমতা উক্ত সংস্থার থাকিবে এবং উক্ত সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য পদ্ধতি অনুসরণ করা হইবে :

তবে শর্ত থাকে যে, যে পরিস্থিতিতে তাহার বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হইয়াছে অথবা তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে তাহা উক্ত সংস্থা ইনষ্টিউটকে অবহিত করিবে।

(২) উপ-প্রবিধান ৯(১) এর বিধানমতে তাহার বিরুদ্ধে পরিচালিত তদন্তের ফলাফলের আলোকে যদি উক্ত সংস্থা মনে করে যে এই প্রবিধানমালায় বর্ণিত দণ্ড তাহার উপর অরোপিত হওয়া উচিত, তাহা হইলে উক্ত সংস্থা অভিযোগ তদন্তের কার্যবিবরণী ইনষ্টিউটের নিকট পাঠাইবে এবং সেই অনুসারে কর্তৃপক্ষ সংস্থার বিবেচনা মতে প্রয়োজনীয় দণ্ড আরোপ বা অন্যবিধ যথাযথ আদেশ প্রদান করিবে।

(৩) এই প্রবিধানের অধীনে উক্ত সংস্থা কর্তৃক প্রেরিত তদন্তের রেকর্ডসম্বর্হে ভিত্তিতে কর্তৃপক্ষ সংস্থার যে কোন আদেশ প্রদান করিতে পারিবে অথবা প্রযোজন মনে করিলে কোন সুনির্দিষ্ট বিষয়ে পুনরুত্থাপন করিবার জন্য উক্ত সংস্থাকে অনুরোধ করিতে বা কোন দণ্ড আরোপ করিতে বা অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগ হইতে অব্যাহতি দিতে পারিবে এবং এই রূপ আদেশ অবিলম্বে উক্ত সংস্থাকে অবহিত করিবে।

৫০। আদেশের বিরক্তে আপীল — (১) কোন কর্মচারী ইনষ্টিউট কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশবলে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অথবা, যেই ক্ষেত্রে অনুরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সেই ক্ষেত্রে যে আদেশদানকারী কর্তৃপক্ষের আদেশের বিরক্তে তাপীলের প্রস্তাব করা হইবে, তিনি যেই কর্তৃপক্ষের অবাবহিত অধিক্ষেত্রে তাহার নিকট, অথবা যেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধিক্ষেত্রে কোন কর্তৃপক্ষ আদেশ দান করিয়াছেন, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবেন।

(২) আপীল কর্তৃপক্ষ নিচ্ছিখিত বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা —

- (ক) এই প্রবিধানমালায় নির্ধারিত পক্ষতি পালন করা হইয়াছে কিনা, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কিনা;
- (খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত সঠিক ও ন্যায়সংগত কিনা;
- (গ) আরোপিত দণ্ড মাত্রাত্তিরিজ্জি, পর্যাণ বা অপর্যাণ কিনা।

(৩) আপীল কর্তৃপক্ষ যেইরূপ উপযুক্ত বিভিন্ন বিবেচনা করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে এবং এই আদেশটি চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৪) আপীল দরখাস্তে আপীলের কারণ সংক্ষিপ্ত আভারে লিপিবদ্ধ করিয়া দরখাস্তের সহিত প্রাসংগিক কাগজাদি দাখিল করিতে হইবে।

৫১। আপীল দরখাস্ত দাখিলের সময়সীমা। — যে আদেশের বিরক্তে আপীল দরখাস্ত দাখিল করা হইবে সংশ্লিষ্ট কর্মচারী তৎসম্পর্কে অবহিত হওয়ার তিন মাসের মধ্যে উহার বিরক্তে আপীল দরখাস্ত দাখিল না করিলে উক্ত আপীল দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না।

তবে শর্ত থাকে যে, বিলবের কারণ সম্পর্কে সম্মত হইয়া যথাযথ মনে করিলে আপীল কর্তৃপক্ষ উক্ত তিন মাস অতিবাহিত হওয়া সত্ত্বেও পরবর্তী তিন মাসের মধ্যে কোন আপীল দরখাস্ত বিবেচনার জন্য গ্রহণ করিতে পারেন।

৫২। পুনরীক্ষণ (Review) — (১) কোন কর্মচারী এই প্রবিধানমালার অধীন কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত কোন আদেশ দ্বারা সংকুক্ষ (Aggrieved) হইলে তিনি ঐ আদেশ পুনরীক্ষণের (Review) জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) আবেদনকারী যে আদেশ দ্বারা সংকুক্ষ হইয়াছেন সেই আদেশ তাহাকে অবহিত করিবার তাৰিখ হইতে তিন মাসের মধ্যে পুনরীক্ষণের আবেদন পেশ না করিলে উহা গ্রহণ করা হইবে না।

তবে শর্ত থাকে যে, আবেদনকারী কর্তৃক সময়সীমা আবেদন পেশ করিতে না পারিবার স্বপক্ষে যথেষ্ট কারণ ছিল মর্মে ইনষ্টিউট নিঃসন্দেহ হইলে উল্লিখিত সময়সীমা উভৌর্ণ হইবার তিন মাসের মধ্যে ইনষ্টিউট পুনরীক্ষণের আবেদন গ্রহণ করিতে পারিবে;

(৩) পুনরীক্ষণের আবেদন পাইবার পর সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্তৃপক্ষ যেইরূপ উপযুক্ত বিবেচনা করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) আদালতে বিচারাধীন কার্যধারা।—(১) কোন কর্মচারীর বিরক্তে কোন আদালতে একই বিষয়ের উপর কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে তাহার বিরক্তে বিভাগীয় কার্যধারা সম্পাদনের ব্যাপারে কোন বাধা থাকিবে না, কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোন দন্ত আনোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে উক্ত মামলা বা আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পন্ন না হওয়া পর্যন্ত এইরূপ দণ্ডারোপ স্থগিত থাকিবে।

(২) কোন কর্মচারী Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (V of 1985) এ বর্ণিত কোন অপরাধ ব্যক্তি অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত ও সাজাপ্রাণ হইলে, এইরূপ সাজাপ্রাণ কর্মচারীকে এই প্রবিধানমালার অধীনে শাস্তি প্রদান করা হইলে কিনা কর্তৃপক্ষ তাহা স্থিব করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (২) এর অধীনে তাহাকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে, বিষয়টির পরিস্থিতিতে যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচিত হয়, কর্তৃপক্ষ সেইরূপ দন্ত প্রদান করিতে পারে এবং এইরূপ দন্ত প্রদানের জন্য কোন কার্যধারা স্চনা করার প্রয়োজন এবং প্রস্তাবিত দণ্ডের বিরক্তে কারণ দর্শাইবার জন্মাও কর্মচারীকে কোন সুযোগ দেওয়ার প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (৩) এর অধীনে উক্ত কর্মচারীর উপর কোন দণ্ডারোপ না করার সিদ্ধান্ত গ্রহণ করিলে, যেইক্ষেত্রে তাহাকে চাকুরীতে পুনর্বহাল বা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়, সেইক্ষেত্রে ইনসিটিউটের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

### অষ্টম অধ্যায়

#### অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

(৫) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল।—(১) ইনসিটিউট উহার কর্মচারীগণের জন্য জাতীয় স্থানীয় সরকার ইনসিটিউট কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল নামে একটি তহবিল গঠন করিবে, উক্ত তহবিলে প্রত্যেক কর্মচারী এবং ইনসিটিউট বা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হাবে চান্দা প্রদান করিবে এবং উক্ত তহবিল সংক্রান্ত ধারাতীয় বিষয় সরকার কর্তৃক প্রণীত Contributory Provident Fund Rules, 1979 এ প্রয়োজনীয় অভিনোজনসহ প্রয়োজন হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সত্ত্বে, এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে বিদ্যমান জাতীয় স্থানীয় সরকার ইনসিটিউট কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল, অঙ্গর উক্ত তহবিল বলিয়া উন্নিষিত, এই প্রবিধানের অধীনে গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত তহবিলে উক্তরূপ প্রবর্তনের পূর্বে প্রদত্ত চান্দা ও উহা হইতে গৃহীত অর্থীসহ যাবতীয় কার্যক্রম এই প্রবিধানমালার অধীনে সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৬) আনুভোধিক।—(১) নিম্নোক্ত যে কোন কর্মচারী আনুভোধিক পাইবার অধিকারী হইবেন, যথা :—

- (ক) যিনি ইনসিটিউটে কর্মপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন এবং শাস্তিব্রহ্মণ চাকুরী হইতে বরখাস্ত, পদচ্যুত বা অপসারিত হন নাই, বা যাহার চাকুরীর অবসর ঘটান হয় নাই;
- (খ) কর্মপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিবার পর যিনি কর্তৃপক্ষের অনুমতিসহ চাকুরী হইতে পদত্যাগ বা চাকুরী ত্যাগ করিয়াছেন;

(গ) তিনি বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নের কোন কারণে যে কর্মচারীর চাকুরী অবসর ঘটানো হইয়াছে, যথা :

(অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাটাই হইয়াছে ;

(আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণ করা হইয়াছে ; অথবা

(ই) চাকুরীরত ধাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।

(২) কোন কর্মচারীকে তাহার চাকুরীর প্রত্যেক পূর্ণ বৎসরে বা আংশিক বৎসরের ক্ষেত্রে একশত বিশ কার্যদিবস বা তদ্ধৰ্ব কোন সময়ের চাকুরীর জন্য দুই মাসের মূল বেতনের সমপরিমাণ হারে আনুতোধিক প্রদান করা হইবে।

(৩) সর্বশেষ গৃহীত বেতন অনুতোধিক গণনার মূল ভিত্তি হইবে।

(৪) কোন কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোধিক প্রাপ্তি হইলে যাহাতে তাহার মনোনীত বাস্তি বা ব্যক্তিগণ উহা পাইবার আধিকারী হন তজ্জন্য প্রত্যেক কর্মচারী ইনষ্টিউট কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন এবং ফরমটি ইনষ্টিউট কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

(৫) কোন কর্মচারী উপ-প্রবিধান (৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়নদান করিলে, মনোনয়নপ্রত্রে তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপে উল্লেখ করিবেন যেন অনুতোধিকের সম্পূর্ণ টাকা উহাতে অন্তর্ভুক্ত হয়, এবং যদি এইরূপে উল্লেখ করা না হয় তাহা হইলে টাকার পরিমাণ মনোনীত ব্যক্তিগণকে সমান অংশে ভাগ করিয়া দেওয়া হইবে।

(৬) কোন কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়নপ্রতি বাতিল করিতে পারেন এবং বাতিল করিয়া উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫) এর অনুসারে একটি নতুন মনোনয়নপ্রতি জমা দিবেন।

(৭) কোন কর্মচারী মনোনয়ন পত্র জমা না দিয়া মৃত্যুবরণ করিলে তাহার অনুতোধিকের টাকা উভয়রাখিকার প্রমাণপত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

৫৬। অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি ।—(১) ইনষ্টিউট, সরকারের পূর্বানুমোদন-ক্রমে লিখিত আদেশ দ্বারা সাধারণ ভবিষ্য তহবিল, অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিকল্পনা প্রবর্তন করিতে পারিবে এবং এইরূপ পরিকল্পনা প্রবর্তন করা হইলে তৎসংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকারী কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা ও সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ বা নির্দেশ, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত পরিকল্পনা চালু করা হইলে প্রত্যেক কর্মচারী ইনষ্টিউট কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত তারিখের মধ্যে উক্ত পরিকল্পনের আওতাধীন হইবার বা না হইবার ইচ্ছা জ্ঞাপন করিয়া উপযুক্ত কর্তৃগুরুকে অবহিত করিবেন।

(৩) কোন কর্মচারী উপ-প্রবিধান (২) অনুসারে অবসর ভাতা প্রাপ্তির ইচ্ছা প্রকাশ করিলে—

(ক) তিনি অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে টাঁদা প্রদান বক্ত করিয়া সাধারণ ভবিষ্য তহবিলে টাঁদা প্রদান করিবেন ;

(খ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত টাঁদা এবং উক্ত টাঁদার উপর অর্জিত সুদ সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত হইবে ;

- (গ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারীর হিসাবে (একাউন্টে) ইনিষ্টিউট কর্তৃক প্রদত্ত অর্থ এবং উহার উপর জমাকৃত সুদ ইনিষ্টিউটের ব্রাবরে স্থানান্তরিত হইবে;
- (ঘ) নফা (খ) এর অধীন সাধারণ ভবিষ্য তহবিলে অর্থ স্থানান্তরিত হইলে উক্ত কর্মচারীর পূর্ণকালীন ও ছয়ী পদের বিপরীতে ছয়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত হইয়া যোগদানের তারিখ হইতে অবসর প্রদান বা পদ অবলুপ্তি বা মৃত্যু বা অন্য কোন কারণে চাকুরী অবসান হওয়ার তারিখ পর্যন্ত সময়কালকে অবসর ভাতা প্রাপ্তির উদ্দেশ্যে গণনাবোগ চাকুরীকাল হিসাবে গণ্য করা হইবে।

### নবম অধ্যায়

#### অবসর প্রাপ্তি, চাকুরী অবসান, ইত্যাদি

৫৭। অবসর প্রাপ্তি ইত্যাদি বিষয়ে Act XII of 1974 এর অযোগ—(১) কর্মচারীদের অবসর প্রাপ্তি এবং তাহাদের পুনঃ নিয়োগের ব্যাপারে Public Servants (Retirement) Act. 1974 (XII of 1974) এর বিধানবলী অযোজ্য হইবে।

৫৮। চাকুরীর অবসান, চাকুরী হইতে অপসারণ, ইত্যাদি—(১) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া, এবং এক মাসের লিখিত প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া, কোন শিক্ষানবিশেষ চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং শিক্ষানবিশেষ তাহার চাকুরী অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

(২) এই প্রবিধানমালায় ভিন্নরূপ যাহা কিছুই ধারক না কেন, উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়াই কোন কর্মচারীকে নববই দিনের নোটিশ দান করিয়া অথবা নববই দিনের বেতন নগদ পরিশোধ করিয়া তাহাকে চাকুরী হইতে অপসারণ করিতে পারিবেন।

৫৯। ইন্টফাদান, ইত্যাদি—(১) কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক তিন মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত ধারিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে তিনি নিয়োগকারী কর্তৃপক্ষকে তাহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য ধারিবেন।

(২) কোন শিক্ষানবিশেষ তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে, তিনি ইনিষ্টিউটকে তাহার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য ধারিবেন।

(৩) যে কর্মচারীর বিকান্দ শৃঙ্খলাজনিত ব্যবস্থা প্রাপ্ত শুরু হইয়াছে তিনি ইনিষ্টিউট এর চাকুরী হইতে ইন্টফাদান করিতে পারিবেন না।

তবে শর্ত এই যে, উপযুক্ত কর্তৃপক্ষ কোন বিশেষ ক্ষেত্রে যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবেন সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইন্টফাদানের অনুমতি দিতে পারিবে।

৬০। অসুবিধা দূরীকরণ—যেই ক্ষেত্রে এই প্রবিধানমালার কোন বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে অযোজ্য কোন বিধিমালা বা আদেশ বা নির্দেশ প্রয়োগ বা অনুসরণের বিধান আছে, কিন্তু উহা প্রয়োগে বা অনুসরণে অসুবিধা দেখা দেয়, সেইক্ষেত্রে সরকার লিখিত আদেশ দ্বারা, উক্ত বিষয়ে প্রযোজ্য বা অনুসরণগুলীয় পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং এই ব্যাপারে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

তথ্যসূচি

[ প্রবিধান ২ (ক) মুঠলা ]

ক্রমিক নং	পদের নাম	সরকারি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বহুসংজীবী।	নিয়োগ পদাঙ্গি	প্রযোজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	মহাপরিচালক	সরকার কর্তৃক নিযুক্ত হইবে।	..	..
২।	পরিচালক	সরকার কর্তৃক নিযুক্ত হইবে।	..	..
৩।	উপ-পরিচালক	(ক) ৮০% পদান্তিক মাধ্যমে; এবং (খ) ১৫% প্রেষণে নিয়োগের মাধ্যমে।	অনুলম ৩ (ভিন) টি পদবেশন একাধানসহ সহকারী পরিচালক পদ ৫ (পাঁচ) বহুসংজীবী।	অনুলম ৩ (ভিন) টি পদবেশন একাধানসহ সহকারী পরিচালক পদ ৫ (পাঁচ) বহুসংজীবী।
৪।	সহকারী পরিচালক	পদান্তিক মাধ্যমে।	পদবেশন কর্তৃকর্তা, পরিসংরূপন কর্মকর্তা পদ ৫ (পাঁচ) বহুসংজীবী এবং কর্মপদক ২ (দুই) টি পদবেশন প্রক্রিয়ান যোক্তৃত হইবে।	পদবেশন কর্তৃকর্তা, পরিসংরূপন কর্মকর্তা পদ ৫ (পাঁচ) বহুসংজীবী এবং কর্মপদক ২ (দুই) টি পদবেশন প্রক্রিয়ান যোক্তৃত হইবে।
৫।	গবেষণা কর্মকর্তা	৩০ বৎসর	(ক) ৫০% পদান্তিক মাধ্যমে; এবং (খ) ৫০% সন্মাসিক নিয়োগের মাধ্যমে।	সহকারী পদবেশন কর্মকর্তা পদ ৫ (পাঁচ) বচনদের চাহুড়ী। (ক) ৫০% সন্মাসিক নিয়োগের মাধ্যমে।

সরাসরি নিয়োগ

কোন কীটক বিশ্বাসযোগ্য হইতে অবশিষ্ট, সমাজ কল্যাণ,  
সমাজ বিজ্ঞান, সমাজকর্ম, গোকপ্রশংসন, বিভিন্নের  
এভিনিনেন্ট্রেশন, পরিসংখ্যান, বিজ্ঞান প্রযুক্তি, ইত্যাদি বা  
বার্তাবিভাগে বিভিন্ন শেষীর সাতক্ষেত্রের জৰী।

	১	২	৩	৪	৫
৬।	পরিসংখ্যন কর্মকর্তা	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন শীকৃত বিশ্বিদালয় হইতে পরিসংখ্যানে বিটীয় শ্রেণীর স্নাতকের ডিপ্লোমা।	কোন শীকৃত বিশ্বিদালয় হইতে পরিসংখ্যানে বিটীয় শ্রেণীর কম্পিউটার-এ জানসম্পদ প্রার্থীকে অধিকার দেওয়া হইবে।
৭।	হিসাব রচকৃৎ কর্মকর্তা	৩০ বৎসর	পদেন্দ্রিতির মাধ্যমে ; পদেন্দ্রিতির বোঝা প্রার্থী পাওয়া না গোলে পেছনে নিয়োগের মাধ্যমে।	হিসাব বর্ধক এবং উচ্চমান সহকারী-কাম-কাণ্ডিয়ার পদে কমপক্ষে ১০ (দশ) বৎসরের চাকুরী।  প্রেরণে নিয়োগ	পদেন্দ্রিতি সহকারী এবং প্রার্থীকে নিয়োগ ও নিয়ন্ত্রকের কর্যালয়ের সরাসরি কোন কর্মকর্তা।
৮।	ঘৃষণার্থিক	৩০ বৎসর	পদেন্দ্রিতির মাধ্যমে ; পদেন্দ্রিতির বোঝা প্রার্থী পাওয়া না গোলে সর্বসমর্পিত নিয়োগের মাধ্যমে।	পদেন্দ্রিতি সহকারী এবং প্রার্থীক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগ	পদেন্দ্রিতি সহকারী এবং প্রার্থী এবং সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অতিক্রম।
৯।	অকাশগালা কর্মকর্তা	৩০ বৎসর	পদেন্দ্রিতির মাধ্যমে ; পদেন্দ্রিতির বোঝা প্রার্থী পাওয়া না গোলে সর্বসমর্পিত নিয়োগের মাধ্যমে।	পদেন্দ্রিতি সরাসরি নিয়োগ	পদেন্দ্রিতি কোন শীকৃত বিশ্বিদালয় হইতে বিটীয় শ্রেণীর স্নাতকের ডিপ্লোমা।

	১	২	৩	৪	৫
১০।	প্রাসাদিক কর্মকর্তা	৩০ বৎসর	পদেন্তিব মাধ্যমে ; পদেন্তিব যোগ্য আইন না পাওয়া গ্রেচে সরাসরি নিয়োগের মাধ্যমে ।	পদেন্তিব	কোন স্থিক্ত বিশ্ববিদ্যালয় হইতে বিটীয়া শ্রেণীর স্থাতক ডিগ্রী ।
১১।	সহকর্মী গবেষণা কর্মকর্তা ।	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে ।	কোন স্থিক্ত বিশ্ববিদ্যালয় হইতে পরিষেখ্যান, অধ্যনিতি, সমাজবিজ্ঞান, বোর্ডপ্রামাণ্য, বিজ্ঞান, একাডেমিক, একাউন্টিং, সমাজকল্যাণ, সমাজকর্ম, মাট্রিভিজন, ফিজিয়োল গ্যাসিং বা ইঞ্জিনিয়ারিং বিটীয়া ক্লোর স্থাতকের ডিগ্রী । গবেষণা কাজে অভিজ্ঞতাসম্মত প্রযোক অ্যাপ্রোক অ্যাডিক্ষন দেওয়া হইবে ।	পদেন্তিব
১২।	সহকর্মী লাইব্রেরিয়ান	৩০ বৎসর	পদেন্তিব মাধ্যমে : তবে প্রেলিন্টিব যোগ্য প্রক্রিয়া না পাওল সরাসরি নিয়োগের মাধ্যমে ।	কোটাটেলগার পদে ৫ (পেট) বৎসরের চাকুরী । সরাসরি নিয়োগ	কোন স্থিক্ত বিশ্ববিদ্যালয় হইতে ধ্যানারবিজ্ঞান ডিপ্লোমা- সহ স্থাতক ডিগ্রী এবং গ্রাহণের কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ।
১৩।	কমিউনিকেশন মিডিয়া স্পেশলিস্ট ।	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে ;		কোন স্থিক্ত বিশ্ববিদ্যালয় হইতে 'ফাইন আর্টস' এ স্থাতক ডিগ্রী সহশৃঙ্খল কাজে অভিজ্ঞতাসম্মত প্রযোকে অ্যাডিক্ষন দেওয়া হইবে ।

	১	২	৩	৪	৫	৬
১৪।	অতি-ও-ভিজ্ঞান টেকনিকাল কম্প্যুটা	৩০ বৎসর	পদেন্তিল মাধ্যমে :		পদেন্তি	
			পদেন্তিল যোগ্য আর্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		উচ্চমান সহকারী, সার্ট-লিপিকার, প্রকাশনা সহকারী পদ ৩ (তিনি) বৎসরের চাকুরী।	
				সরাসরি নিয়োগ		
				২য় প্রৌর্হি বি, এস, সি ডিসি সহ অডিও ভিত্তিয়ে প্রেসিডেণ্ট।		
১৫।	উচ্চমান সহকারী			(ক) সার্ট-ফ্লাকরিক, কোয়ালিটেকার পদে ৩ (তিনি) বৎসরের চাকুরী;		
			পদেন্তিল মাধ্যমে।		(খ) নিম্নমান সহকারী-কাম-ফ্লাকরিক ও ডেসেল কর্মসূচিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।	
১৬।	উচ্চমান সহকারী-কাম- কালিয়ার।	৩০ বৎসর	পদেন্তিল মাধ্যমে :		পদেন্তি	
			পদেন্তিল যোগ্য আর্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) সার্ট-ফ্লাকরিক পদে ৩ (তিনি) বৎসরের চাকুরী; এবং (খ) নিম্নমান সহকারী-কাম-ফ্লাকরিক/ডেসেল কর্মসূচিক পদ ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।		
				সরাসরি নিয়োগ		
				কোন কীবৃত বিশিষ্টদালয় হইতে বাধিয়ে মাত্রক অধিবা সম্মানের জন্ম।		

	১	২	৩	৪	৫	৬
১৭।	হিসাব রক্ষক	৩০ বৎসর	পদনির্দিত মাধ্যমে;	পদেন্দ্রিতির মাধ্যমে;	পদেন্দ্রিতি	
			পদনির্দিত বোগ্য প্রার্থী পাওয়া না গোল সরাসরি নিয়োগের মাধ্যমে।	কেবার টেক্কার পদে ৩ (তিনি) বৎসরের চাকুরী ; সার্টি-ফ্লাক্সরিক, নিম্বান সহকারী-কাম-ফ্লাক্সরিক ও ডেস্পাচ কর্মণিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।	(ক) কেবার টেক্কার পদে ৩ (তিনি) বৎসরের চাকুরী ; (খ) সার্টি-ফ্লাক্সরিক, নিম্বান সহকারী-কাম-ফ্লাক্সরিক ও ডেস্পাচ কর্মণিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।	
			সরাসরি নিয়োগ	সরাসরি নিয়োগ	সরাসরি নিয়োগ	
			কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে মাত্রক ডিপী।	কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে মাত্রক ডিপী।	কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে মাত্রক ডিপী।	
১৮।	প্রকাশনা সহকারী	৩০ বৎসর	পদনির্দিত মাধ্যমে;	পদনির্দিত মাধ্যমে;	পদেন্দ্রিতি	
			পদনির্দিত বোগ্য প্রার্থী পাওয়া না গোল সরাসরি নিয়োগের মাধ্যমে।	কেবার টেক্কার ও সার্টি-ফ্লাক্সরিক পদে ৩ (তিনি) বৎসরের চাকুরী ; (খ) নিম্বান সহকারী-কাম-ফ্লাক্সরিক ও ডেস্পাচ কর্মণিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।	(ক) কেবার টেক্কার ও সার্টি-ফ্লাক্সরিক পদে ৩ (তিনি) বৎসরের চাকুরী ; (খ) নিম্বান সহকারী-কাম-ফ্লাক্সরিক ও ডেস্পাচ কর্মণিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।	
			সরাসরি নিয়োগ	সরাসরি নিয়োগ	সরাসরি নিয়োগ	
			কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর মাত্রক ডিপী।	কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর মাত্রক ডিপী।	কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর মাত্রক ডিপী।	
			পদেন্দ্রিতির মাধ্যমে;	পদেন্দ্রিতির মাধ্যমে;	পদেন্দ্রিতি	
১৯।	ওদাম রক্ষক	৩০ বৎসর	পদেন্দ্রিত মাধ্যমে;	পদেন্দ্রিত মাধ্যমে;	পদেন্দ্রিত	
			গোল সরাসরি নিয়োগের মাধ্যমে।	কেবার টেক্কার ও সার্টি-ফ্লাক্সরিক পদে ৩ (তিনি) বৎসরের চাকুরী; (খ) নিম্বান সহকারী-কাম-ফ্লাক্সরিক ও ডেস্পাচ কর্মণিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।	(ক) কেবার টেক্কার ও সার্টি-ফ্লাক্সরিক পদে ৩ (তিনি) বৎসরের চাকুরী; (খ) নিম্বান সহকারী-কাম-ফ্লাক্সরিক ও ডেস্পাচ কর্মণিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।	
			সরাসরি নিয়োগ	সরাসরি নিয়োগ	সরাসরি নিয়োগ	
			কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাত্রক অধ্যো সময়সূচী ডিপী।	কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাত্রক অধ্যো সময়সূচী ডিপী।	কোন শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাত্রক অধ্যো সময়সূচী ডিপী।	

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০।	ক্যাটলগার	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।					কেন চীকৃত বিশ্বিদ্যালয় হইতে স্নাতক ডিপ্লোম বিজ্ঞান ডিপ্লোমা।
২১।	স্টেট-লিপিকার (পি.এ)	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।					সরাসরি নিয়োগ The Steno-graphers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুসারে।
২২।	কেরারটেকার	৩০	বৎসর	পদসম্পত্তির মাধ্যমে ; পদসম্পত্তির যোগ্য শ্রেণী পাত্রমা না নিষ্পত্তি সহকারী-কাম মন্ত্রালয়িক ও কেসপাচ কর্মণিক পদে ৩ (তিনি) বচসনের চাকুরী;					কেন চীকৃত বিশ্বিদ্যালয় হইতে স্নাতক অধিবা সমমানের জীবী।
২৩।	স্টেট-মুদ্রা঳িক	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।					সরাসরি নিয়োগ The Steno-graphers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Re-cruitment Rules, 1978 অনুসারে।
২৪।	টেলিফোন অপারেটর	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।					কেন চীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অধিবা সমমানের পরীক্ষায় উল্লেখ।
২৫।	হোটেল সুপারভাইজার	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।					কেন চীকৃত বিশ্বিদ্যালয় হইতে স্নাতক ডিপ্লোমান সহকারী-তথা-মুদ্রা঳িক, প্রেইন পেপার কপিয়ার, ভিন্নভিন্ন মেশিন অপারেটর, কেসপাচ রাইডার, দঙ্গী, এস, এল, এস, এস (মুক্তগবলয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিদিশালা, ১৯৯৭ অনুসারে।
২৬।	নিম্নমান সহকারী-কাম-মুদ্রা঳িক।	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।					

	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	
২৭।	ডেসপাচ কর্মসূচি	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।		কোন শীক্ষিত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অধিবা সম্মানের পরীক্ষায় উত্তীর্ণ।						
২৮।	গাঁজী চালান	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।		২ম শ্রেণী উত্তীর্ণ এবং তারী অধিবা হাজাৰ গাঁজী চালানৰ বৈধ প্রাইভেলেপসহ সংশৃষ্টি কার্ডে ২(দ্বয়) বৎসরেৰ বাস্তব অভিজ্ঞতা।						
২৯।	ইলেকট্ৰোশিয়ান	৩০	বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।		কোন শীক্ষিত বোর্ড হইতে মাধ্যমিক কূল সার্টিফিকেট অধিবা সম্মানেৱ পৰীক্ষায় উত্তীর্ণ এবং সংশৃষ্টি কার্ডে ৫ (পাঁচ) বৎসরেৰ অভিজ্ঞতা।						
৩০।	ড্রাপিকেটিং মেশিন অপারেটর।	৩০	বৎসর	পদেন্দৰিত মাধ্যমে ; পদেন্দৰিত যোগ্য প্রার্থী পাত্তা দা গেলে সরাসরি নিয়োগেৰ মাধ্যমে।		পদোন্নতি এম. এল, এস, এস পাদে ৫ (পাঁচ) বৎসরেৰ চাকুৰী।						
						সরাসরি নিয়োগ						
						কোন শীক্ষিত বোর্ড হইতে মাধ্যমিক কূল সার্টিফিকেট অধিবা সম্মানেৱ পৰীক্ষায় উত্তীর্ণসহ ড্রাপিকেটিং মেশিন প্রক্ৰিয়ালনার অভিজ্ঞতা।						
						পদোন্নতি						
৩১।	বুক বাইন্ডার	৩০	বৎসর	পদেন্দৰিত মাধ্যমে ; পদেন্দৰিত যোগ্য প্রার্থী পাত্তা দা গেলে সরাসরি নিয়োগেৰ মাধ্যমে।		পদেন্দৰিত যোগ্য প্রার্থী পাত্তা দা বৎসরেৰ চাকুৰী এবং বাধালোৱ কার্ডে ২ (দ্বয়) বৎসরেৰ অভিজ্ঞতা।						
						সরাসরি নিয়োগ						
						২ম শ্রেণী উত্তীর্ণ এবং বুক বাইন্ডিং কার্ডে ১ (এক) বৎসরেৰ অভিজ্ঞতা।						

	১	২	৩	৪	৫	৬
৭২।	লাইব্রেরী এণ্টেন্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী উচ্চী উচ্চী হইতে হইবে।	নিচয়ন সহকারী-তথা-মুদ্রকৰিক, প্রেইন পেপার কপিয়ার,	নিচয়ন সহকারী-তথা-মুদ্রকৰিক, প্রেইন পেপার কপিয়ার,
৭৩।	এম. এল. এস এস	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	তৃতীয়ক্ষেত্রে, মেশিন অপারেটর, ড্রেসার, রাইডার, দঙ্গী,	এস. এল. এস (মডেলার্জ/বিভাগ ও সংজ্ঞ অধিক্ষেত্রে)	তৃতীয়ক্ষেত্রে, মেশিন অপারেটর, ড্রেসার, রাইডার, দঙ্গী,
৭৪।	বাবুর্জি	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী উচ্চী উচ্চী হইতে হইবে।	বিধিমালা, ১৯৯৩ অনুসারে।	এস. এল. এস (মডেলার্জ/বিভাগ ও সংজ্ঞ অধিক্ষেত্রে)
৭৫।	হোটেল বয়	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী উচ্চী উচ্চী হইতে হইবে।	বিধিমালা, ১৯৯৩ অনুসারে।	বাস্তব অভিজ্ঞতা।
৭৬।	দারেয়ান	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী উচ্চী উচ্চী হইতে হইবে।	বিধিমালা উচ্চী উচ্চী হইতে হইবে।	বাস্তব অভিজ্ঞতা।
৭৭।	মালী	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী উচ্চী উচ্চী হইতে হইবে।	বিধিমালা উচ্চী উচ্চী হইতে হইবে।	বাস্তব অভিজ্ঞতা।
৭৮।	শহৈপার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী উচ্চী উচ্চী হইতে হইবে।	বিধিমালা উচ্চী উচ্চী হইতে হইবে।	বাস্তব অভিজ্ঞতা।

জাতীয় হানীয় সরকার ইনষ্টিউটিউশন আদেশকর্তৃর

কাঞ্জী মোঃ আফতুব হেসেন আরী  
যাহাপুরিচালক (চলতি দায়িত্ব)।

নোঃ আবদুল করিম সরকার (টেল-সেবা), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী প্রযোজন, প্রকল্প কর্তৃক মুক্তি  
নোঃ আবিন ঝুবৰ্তী অলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ রক্ষণসং ও প্রকাশনী অবিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।